R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
৩৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২০শে ফাল্গুন বুধবার, ১৩৮৭ সাল
৪ঠা মারচ ১৯৮১ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## জনতা পার্টিকে দ্রুত সংগঠিত করুন : ফরাক্কা কমিটি

ফরাক্কা ব্যারেজ, ৪ মারচ—ফরাক্কা থানার অর্জুনপুরে গত ২৩ ফেব্রুয়ারী অনুষ্ঠিত জনতা পার্টির কর্মী সম্মেলনে জননেতা গোলাম মোস্তফা জনতা পার্টিকে দ্রুত সংগঠিত করার আহ্বান জানান। দেশে আজ কোন শক্তিশালী বিরোধী দল নেই, বর্তমানে একথা অবিশ্বাস্য মনে হলেও এরূপ রাজনৈতিক শূন্যতা পূরণ করার সম্ভাবনা রয়েছে জনতা পার্টির। পর পর দলত্যাগের ফলে আপাততঃ জনতা পার্টি দুর্বল হয়ে পড়েছে ঠিকই কিন্তু চক্রান্তকারী, ক্ষমতালোভী ও পেশাদার রাজনীতিকদের দলত্যাগের সংগে জনতা পার্টির মূলশক্তি বরং পরিশুদ্ধ হয়েছে এবং নৈতিক ও আদর্শের ভিত্তিতে পার্টিকে পুনর্গঠিত করার এক নতুন সুযোগ সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গে স্বৈরাচারী বামফ্রন্ট এবং কেন্দ্রে স্বৈরাচারী কংগ্রেস (ই) সরকারের চাপে মানুষ আজ দিশেহারা। কয়লা, কেরোসিন, চিনি, ডাল, গম, ভোজ্যতেল, সার, জীবন প্রদায়ী ওষুধ ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির সুষম বণ্টনে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। নিজেদের ব্যর্থতা ও অযোগ্যতার দোষ ঢাকতে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী আড়াই বছরের জনতা শাসনকে দায়ী করে বিবৃতি দিচ্ছেন। অথচ জনতা সরকারের আমলে প্রতি কিলোগ্রাম চিনির দাম ছিল ২·৫০ টাকা থেকে ৩·০০ টাকার মধ্যে, কয়লা প্রতি মণ ৯·০০ টাকা, কেরোসিন প্রতি লিটার ১·২৮ পয়সা, সঃ তেল ৯·০০ টাকা, ডাল ২·৫০ পয়সা, আলু, শাক-সবজীও ছিল সুলভ। জনতা শাসনে এক বছরের মধ্যে ভারতবর্ষের জনসাধারণের মাথাপিছু আয় বেড়ে গিয়েছিল ৫·৫ ভাগ আর

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অনিতা সাহার মৃত্যুর জন্য দায়ী কে ?

ধুলিয়ান, ৪ মারচ—অনুপনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে বহিষ্কৃত হয়ে ১৩ বছরের কুমারী অনিতা সাহা ১৭ ফেব্রুয়ারী মারা যায়। তার মৃত্যুকে কেন্দ্র করে এখানে উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং তার মৃত্যুর জন্য দায়ী কে এই তথ্যানুসন্ধানের দাবিতে জনমত সোচ্চার হচ্ছে। অভিযোগ করা হয়েছে, ১৬ ফেব্রুয়ারী অনিতার অভিভাবকের কাছ থেকে ৩০ টাকা নাকি চাওয়া হয়। কিন্তু ওই টাকা দিতে অক্ষম হওয়ায় তাকে নাকি হাসপাতাল থেকে বের করে দেওয়া হয়। পরদিন অনিতা মারা যায়। এই অভিযোগে আরো জানানো হয়েছে, হাসপাতাল থেকে অবাধে ওষুধ পাচার করা হয়। রোগীরা হাসপাতালে গিয়ে ঠিকমত ওষুধ পান না। ডাক্তারবাবু নাকি সব সময় বাসায় রোগী দেখতেই ব্যস্ত থাকেন। আউটডোর-ইনডোর করেন না। পরিবার পরিকল্পনা বিভাগের গাড়ি নিয়ে বাইরে রোগী দেখা, হাটবাজার করা

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

## মৎস্যজীবীদের উপর অত্যাচারের অভিযোগ

ফরাক্কা ব্যারেজ, ৪ মারচ—কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী সম্প্রতি মৎস্যজীবীদের উপর হামলা চালিয়ে মারধোর ও ৮০টি নৌকা গঙ্গার জলে ডুবিয়ে দেয় এবং তাদের জাল ও আসবাবপত্র ভাসিয়ে দেয় বলে আর এস পি দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। জানানো হয়েছে, এই অত্যাচার শুধু মৎস্যজীবীদের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি ; ফরাক্কা ব্যারেজের সাথে যুক্ত ঠিকাদার, শ্রমিক ও নিরাপরাধ মানুষদের ব্যাপক ধরপাকড় করা হয়েছে। এখন পর্যন্ত ১২২ জনকে ৭/৯ এম পি ও ধারায় গ্রেপ্তার করে চালান দেওয়া হয়েছে। এ ছাড়াও সি আই এস এফ জওয়ানরা ফরাক্কা কলোনী টহল দেওয়ার সময় মৎস্যজীবীদের ভীতি প্রদর্শন করে এবং যাবতীয় পোষ্টার ছিঁড়ে দেয় বলে অভিযোগ করা হয়েছে। এই অত্যাচারের প্রতিবাদে মৎস্যজীবীদের একটি

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গীতা ওরফে সুনীতি পারুল হয়ে ফিরলো

নিজস্ব সংবাদদাতা, বালিয়া ( সাগরদীঘি ) : রঘুনাথগঞ্জ থানার জরুর গ্রামের গীতা ওরফে সুনীতির বয়স এখন ১৫ বছর। দশ বছর আগে সে তার মা-বাবার কাছে ওই নামে পরিচিত ছিল। এখন তার নাম পারুল। এখন আর তার নিজের মা-বাবাকেও মনে পড়ে না। পাঁচ বছর বয়সে সে তার মা-বাবার সঙ্গে ভোজ খেতে যাওয়ার পথে ধুলিয়ানে এক বাস দুর্ঘটনায় হারিয়ে যায়। থানা-পুলিশ এমন কি কয়েক বিঘা জমি বিক্রী করেও তার খোঁজ পাওয়া গেল না। ওদিকে সুনীতিও গ্রামে গ্রামে ঘুরে বেড়ায়। পাহাড়পুর, শ্যামপুর, উজ্জ্বলনগর, বালিয়া। ক্রমশঃ বয়স বাড়ে। কে যেন তার নাম রাখে পারুল। শেষ পর্যন্ত সাগরদীঘি থানার বালিয়াতেই তাদের মিলন ঘটল। বালিয়ার জনৈকা গোপিনী সুনীতিদের গ্রামে বেড়াতে গিয়ে তার মায়ের মুখে শুনে এল মেয়ে হারানোর কথা। সেও নিবেদন করল প্রতিবেশীর বাড়ীতে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ডাকহরকরা আক্রান্ত

জঙ্গিপুর, ৪ মারচ—দেরীতে পাওয়া এক খবরে প্রকাশ, ১৮ ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ থানার লালখান্দিয়ার গ্রামে সকাল সাড়ে দশটা নাগাদ একদল দুষ্কৃতকারী চিঠি বিলি করার সময় লালখান্দিয়ার ডাকঘরের ডাকহরকরাকে আক্রমণ করে মারধোর, হাতঘড়ি ও সরকারী তহবিলের ১৫৭ টাকা ছিনতাই করে। তিনি কোন রকমে প্রাণ নিয়ে পালিয়ে এসে ডাকঘরে খবর দেন। ঘটনা চক্রে মুর্শিদাবাদের পোষ্টাল সুপারিনটেনডেন্ট সেদিন

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুলিশের ফ্যাসাদ

সাগরদীঘি, ১ মারচ—গ্রেপ্তারী পরোয়ানা নিয়ে আসামী ধরতে গিয়ে গতকাল সকালে সাগরদীঘি পুলিশের একজন এ এস আই এবং তিনজন কনসটেবলকে এই থানার কাশিয়াডাঙ্গা গ্রামে ফ্যাসাদে পড়তে হয়। একদল লোক তাঁদের আটকে রেখে আসামী ধরতে বাধা দেয় এবং পুলিশের ইউনিফরম ও রাইফেল ধরে টানাহ্যাঁচড়া করে। খবর পেয়ে এখান থেকে আরো পুলিশ গিয়ে আটক অফিসার ও কনসটেবলদের উদ্ধার এবং আসামীকে গ্রেপ্তার করে নিয়ে আসে। খবরটি পুলিশ সূত্রের।

## ডাকাতি ঘুম কেড়েছে

নিজস্ব সংবাদদাতা : একের পর এক ডাকাতির ঘটনা জঙ্গিপুর মহকুমার গ্রামাঞ্চলে সাধারণ মানুষের ঘুম কেড়ে নিয়েছে। সকলে নিরাপত্তার অভাব বোধ করছেন। সম্প্রতি পাঁচদিনের মাথায় আরো দুটি ডাকাতির ঘটনা ঘটেছে রঘুনাথগঞ্জ থানা এলাকায়। ১ মারচ রাত্রে এই থানার সেকেন্দ্রা গ্রামে মাখন সাহার বাড়ীতে একদল

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২০শে ফাল্গুন বুধবার, ১৩৮৭

## মাধ্যমিক পরীক্ষা

প্রায় এক যুগ পর নির্দিষ্ট সময়ে পরীক্ষা গ্রহণ করা হইতেছে। নানা কারণে মারচ মাসে পরীক্ষায় বসা অথবা নির্দিষ্ট তারিখে পরীক্ষা গ্রহণ বিগত বৎসরগুলিতে সম্ভব হয় নাই। জুন মাসে ফল প্রকাশ এবং জুলাই হইতে উচ্চ শিক্ষা বৎসর শুরুও প্রায় ইতিহাস হইতে বসিয়াছিল। এবার তাহা সম্ভব হইয়াছে। তাঁহার বেতার ভাষণে রাজ্যের মুখ্যমন্ত্রী এই প্রসঙ্গটি উত্থাপন করিতে ভুলেন নাই। রাজ্যবাসীকে তিনি ইহা স্মরণ করাইয়া দিয়াছেন।

তেসরা মারচ হইতে পশ্চিমবঙ্গে মাধ্যমিক পরীক্ষা শুরু হইয়াছে। রাজ্যের ৬০০টি পরীক্ষা কেন্দ্রে প্রায় আড়াই লক্ষ পরীক্ষার্থী পরীক্ষায় বসিয়াছেন। শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন জায়গায় ১৪৪ ধারা জারি করা হইয়াছে। প্রথম দিনটি শান্তিপূর্ণভাবে অতিবাহিত হইয়াছে। আমাদের মহকুমায় সাতটি কেন্দ্রে এই পরীক্ষা গ্রহণ করা হইতেছে। কেন্দ্রগুলি হইল কাঞ্চনতলা (ধুলিয়ান), নিমতিতা, অরঙ্গাবাদ (ডি এন কলেজ), বাড়ালা, রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর ও সাগরদীঘি। প্রায় এক সহস্র পরীক্ষার্থী পরীক্ষা দিতেছেন। প্রথম দিনটি মহকুমাতেও শান্তিপূর্ণভাবে অতিবাহিত হইয়াছে। অবশ্য ওই দিন কোথাও ১৪৪ ধারা জারি করা হয় নাই। আজ জারি করা হইবে বলিয়া মহকুমা শাসক জানাইয়াছেন। সর্বত্র শান্তি-শৃঙ্খলা বজায় থাকুক এই কামনা আমরাও করি। সঙ্গে সঙ্গে কামনা করি, যদিও ইহা সম্ভব নহে, সকল পরীক্ষার্থীর সাফল্য এবং উজ্জ্বল ভবিষ্যৎ। পাশাপাশি সর্বস্তরে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান বাঞ্ছনীয়।

### জলে ডুবে মৃত্যু

রঘুনাথগঞ্জ, ২ মারচ—খড়খড়িতে স্নান করতে গিয়ে মায়ের চোখের সামনে পনের বছর বয়সের এক কিশোর গতকাল ডুবে মারা যায়।

### জনতাপার্টি

( প্রথম পৃষ্ঠার পর )

ইন্দিরা গান্ধীর গরিবী হঠাও এর আমলে ৬ বছরে ভারতের জনগণের মাথা পিছু আয় বৃদ্ধির গড় ছিল ২৮ ভাগ। সারাভারতে কংগ্রেস (ই) এর ক্ষমতালাভের পর অর্থনৈতিক পরিস্থিতির ক্রমাবনতি ঘটেছে এবং চরম দুরবস্থার দিকে এগিয়ে যাচ্ছে। জনতা দল মনে করে অর্থনৈতিক পুনর্জীবন আর্থিক বিকেন্দ্রীকরণের মাধ্যমেই সম্ভব। বিঘটিত বিপর্যয়ের নৈরাশ্য কাটিয়ে উঠে পার্টি সংগঠনে নতুন প্রত্যয় ও প্রচেষ্টা সঞ্চার করা সম্ভব হলে অল্প সময়ের মধ্যেই জনতা পার্টিকে বৃহত্তর সর্বভারতীয় জাতীয় দলে পরিণত করা সম্ভব বলে মুর্শিদাবাদ জেলা জনতা পার্টির সাধারণ সম্পাদক নির্মল চট্টোপাধ্যায় দাবী করেন।

জেলা কমিটির দাবি: পারটির জেলা কমিটির সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়েছে, ১৪ ফেবরুয়ারি সীমান্তবর্তী রাণীনগর থানার রাজানগরে যে পৈশাচিক হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে, সেই ঘটনার পেছনে একটি রাজনৈতিক দলের দুরভিসন্ধি এবং বিদেশী চক্রান্ত রয়েছে। দেশের নিরাপত্তার অতন্দ্র প্রহরী বরডার সিকিউরিটি ফোরসের ওপর আক্রমণ চালাতে পারলে সীমান্তে বসবাসকারী উদ্বাস্তুদের তাড়ানো এবং বিদেশী নাগরিকদের অনুপ্রবেশের পথ প্রশস্ত হবে। এই দুর্ভাগ্যজনক ঘটনার পেছনে একজন অঞ্চল প্রধানের ভূমিকা সন্দেহজনক। অথচ এখনও তাঁকে গ্রেপ্তার করা হয়নি। ঘটনার পূর্বাভাষ অনেক আগেই পাওয়া গিয়েছিল এবং জেলা শাসক ও রাণীনগর থানায় সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বনের জন্য বার বার অনুরোধ জানানো হয়েছিল, এমন কি ঘটনার দিন সকালেও থানা কর্তৃপক্ষকে সতর্ক করে দেওয়া হয়েছিল কিন্তু কোন ব্যবস্থা নেওয়া হয়নি। ফলে দু'জন বি এস এফ এবং দু'জন হোমগারড নিহত হন, রাইফেল ছিনতাই হয়। ঘটনার গতিপ্রকৃতি লক্ষ্য করে পারটি মনে করে সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধান এবং প্রশাসনের যোগসাজসেই ওই মর্মান্তিক ঘটনা ঘটা সম্ভব হয়েছে। দেশের নিরাপত্তার স্বার্থে অবিলম্বে এই ঘটনার বিচারবিভাগীয় তদন্তের দাবি ভারতীয় জনতা পারটি করেছে।

### জঙ্গিপুর সংবাদ

( সাপ্তাহিক সংবাদপত্র )

১৯৫৬ সালের সংবাদপত্র রেজিষ্ট্রেশন (কেন্দ্রীয়) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ: ৪নং ফরম ১। যে স্থান হইতে প্রকাশিত হয়—"জঙ্গিপুর সংবাদ" কার্য্যালয়, পণ্ডিত প্রেস, চাউল পটী পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ) ২। প্রকাশের সময় ব্যবধান সাপ্তাহিক। ৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—অনুত্তম পণ্ডিত, জাতি—ভারতীয় নাগরিক, বাসস্থান—চাউল পটী. পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ) ৬। এই সংবাদপত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—স্বত্বাধিকারী—শ্রীবিনয়কুমার পণ্ডিত ও শ্রীঅমলকুমার পণ্ডিত, পণ্ডিত-প্রেস, চাউল পটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)।

আমি, অনুত্তম পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাঃ—অনুত্তম পণ্ডিত, প্রকাশক

রঘুনাথগঞ্জ, ৪ঠা মার্চ, ১৯৮১

### ডাকহরকরা আক্রান্ত

( প্রথম পৃষ্ঠার পর )

জঙ্গিপুর ডাকঘরে উপস্থিত ছিলেন। তিনি এ ব্যাপারে এস ডি পি ওকে জানান এবং থানায় এজাহার দানের ব্যবস্থা করেন। গ্রেপ্তারের কোন খবর নাই। প্রকাশ্য দিবালোকে এ ধরনের ছিনতাই এর ঘটনায় গ্রামবাসীরা আতঙ্কিত হয়ে নিরাপত্তার অভাব বোধ করছেন। ডাককর্মীরাও গ্রামে কাজ করতে ভয় পাচ্ছেন।

### গীতা ওরফে সুনীতি

( প্রথম পৃষ্ঠার পর )

সুনীতির অবস্থানের কথা। মা, বাবা, দিদি, দাদা সবাই বালিয়ায় এসে পারুলকে দেখে। চেহারায় মিল ধরা পড়ে। মা স্বীকার করে এই তার মেয়ে। কিন্তু 'পৌষ মাস লক্ষ্মী মাস বাড়ী হতে যেতে নেই' তাই দোসরা মাঘ তারা সুনীতিকে ফিরিয়ে নিয়ে এল। সুনীতিও ফিরে এল পারুল হয়ে। দশ বছর পর এই মিলন দৃশ্যে সবার চোখে আনন্দাশ্রু ঝরে পড়ল।

### মৃত্যুর জন্য দায়ী ?

( প্রথম পৃষ্ঠার পর )

ও পরিবারের লোকজন নিয়ে আমোদ-প্রমোদ করা হয়। গর্ভপাত আইনসিদ্ধ হওয়া সত্ত্বেও টাকা না দিলে নাকি তা করা হয় না ইত্যাদি ইত্যাদি। ডাক্তারবাবুর অপসারণের দাবিতে এখানকার জনসাধারণ সোচ্চার বলেও জানানো হয়েছে।

### ডাকাতি ঘুম কেড়েছে

( প্রথম পৃষ্ঠার পর )

ডাকাত হানা দিয়ে বাসনপত্র গহনা (সাত ভরি) ও নগদে প্রায় ১৮ হাজার টাকা লুঠ করেছে। ডাকাতির সময় ৩টি বোমা তারা ফাটায়। তার মধ্যে একটি বোমা মিঠিপুর ক্যাম্পের পুলিশকে লক্ষ্য করে ছোঁড়ে। তারা ডাকাতদের প্রতিরোধ করতে এসেছিল। তারা কয়েক রাউণ্ড বন্দুকের ফাঁকা আওয়াজ করলে ডাকাতরা পালিয়ে যায়। পরদিন তাদের ফেলে যাওয়া একটি বোমা বিস্ফোরণে এক বালক আহত হয় বলে জানা যায়।

২৫ ফেবরুয়ারি রাত্রে রঘুনাথগঞ্জ থানার মিঠিপুর গ্রামে ননী সাহার বাড়ীতে একটি ডাকাতির ঘটনায় আট ভরি সোনার গহনা, বাসনপত্র ও নগদে প্রায় ২০ হাজার টাকা লুণ্ঠিত হয়। ডাকাতদের প্রহারে ও ছোরার আঘাতে দু'জন মহিলা জখম হন। ঘটনাস্থল থেকে পদ্মার তীর বরাবর রক্তের দাগ দেখে গ্রামবাসীদের এই ধারণা হয়েছে যে, নিজেদের বোমা বিস্ফোরণে একজন ডাকাত হয় আহত অথবা নিহত হয়েছে। তার কোন সন্ধান অবশ্য মেলেনি। খবরটি পুলিশ ও গ্রামবাসী সূত্রের।

### মৎস্যজীবীদের অভিযোগ

( প্রথম পৃষ্ঠার পর )

মিছিল, বাঁধ উপনগরী পরিক্রমা করে। পুলিশ সূত্রে জানানো হয়েছে, ফরাক্কা ব্যারেজের নিষিদ্ধ এলাকায় (৫০০ মিটারের মধ্যে মাছ ধরার অভিযোগে মৎস্যজীবীদের গ্রেপ্তার করা হয়।

### বিদেশী মাল উদ্ধার

ধুলিয়ান, ৪ মারচ—কৃষ্ণনগর কাসটমস ধুলিয়ানের প্রসিদ্ধ ব্যবসায়ী মূলচাঁদ জৈনের বাড়ী হানা দিয়ে সম্প্রতি ১৬ রকমের বিদেশী মাল উদ্ধার করে। এর মধ্যে আছে ক্যাসেট, টেপ রেকরডার, ব্যাটারী, পেন ইত্যাদি।

## জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিস

পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

১৯৮১-৮২ সালের

# নিলাম ইস্তাহার

এতদ্দ্বারা নিলাম ডাকেচ্ছু ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি পরিচালিত রঘুনাথগঞ্জ সদর ফেরীঘাট এবং এনায়েতনগর ডোমপাড়া গাড়ীঘাট আগামী ১৯৮১-৮২ সালের জন্য ( ১লা এপ্রিল হইতে ৩১শে মার্চ্চ, ১৯৮২ ) আগামী ১৭-৩-৮১ তারিখে বেলা ২ ঘটিকায় অত্র মিউনিসিপ্যাল অফিসে প্রকাশ্য নিলাম ডাকে মিউনিসিপ্যাল কর্তৃপক্ষগণ কর্তৃক ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

১। দফাওয়ারী বিশদ সর্ত্তাবলী নিলাম ইস্তাহারে এবং মিউনিসিপ্যাল অফিসে দেখিতে পাওয়া যাইবে।

২। তথাপি জানানো যায় যে, যে ব্যক্তি পূর্ব্ব ইজারার টাকা পরিশোধ করেন নাই বা যথারীতি কবুলিয়ত সম্পাদন ও রেজিষ্ট্রী করেন নাই, ডাক কর্তৃপক্ষগণ তাঁহাকে ডাক করিবার অনুমতি না দিতে বা ডাক করিলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৩। আর্থিক সচ্ছলতা নিদর্শন ডাকেচ্ছু ব্যক্তিগণকে স্থাবর অস্থাবর সম্পত্তির দলিলাদি কাগজপত্র দাখিল করিতে হইবে। নচেৎ ডাকে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

৪। উপরোক্ত দুইটি ঘাট একত্রে ডাক করা ও বন্দোবস্ত দেওয়া হইবে। ডাকে যোগ দিতে যোগ্য ব্যক্তিকে উক্ত ফেরী ঘাটদ্বয় ইজারার জন্য একত্রে ১০,০০০ ( দশ হাজার টাকা ) আমানত জমা ( Earnest or Table money ) জমা দিতে হইবে। ডাক চূড়ান্ত হওয়ার পর যথা নিঃমে ফেরত দেওয়া হইবে।

৫। যাঁহার ডাক মঞ্জুর হইবে তাঁহাকে ডাক মঞ্জুরির টাকার $\frac{1}{4}$ ভাগ তৎক্ষণাৎ জমা দিতে হইবে। এ টাকা Security হিসাবে জমা থাকিবে। ডাকের পুরো টাকা মাসিক সমান কিস্তিতে এপ্রিল '৮১ হইতে সেপটেম্বর '৮১ মধ্যে পরিশোধ করিতে হইবে। উক্ত Securityর টাকা শেষ কিস্তিতে adjust হইবে।

দফাওয়ারী সর্ত্তাবলী ও নিয়মাবলী নিলাম ইস্তাহারে মিউনিসিপ্যাল অফিসে দেখিয়া লইয়া ডাকে সেমতভাবে অংশ গ্রহণ করিতে পারিবেন।

ডাকের স্থান : মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জস্থ জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিস।

ডাকের তারিখ : ১৭ই মার্চ্চ, ১৯৮১ সাল বেলা দু' ঘটিকা।

শ্রীমৃগাঙ্ক ভট্টাচার্য্য,
প্রেসিডেন্ট, ৩-৩ ৮১
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি

## বিয়ে আর হল না !

রঘুনাথগঞ্জ, ৪ মারচ—রাণীনগরের ধীরেন মণ্ডলের বিয়ের সাধ আপাততঃ মিটলো না। পাত্রীপক্ষের হাতে মার খেয়ে বাবাজীবনকে কাঁদতে কাঁদতে শহরের ডিসপেনসারি থেকে ইনজেকসন নিয়ে বাড়ি ফিরে যেতে হল। ডিহিবরজের একটি মেয়ের সাথে এই মাসেই তার বিয়ের কথা পাকা হয়েছিল। গহনার বদলে পাত্রীপক্ষ পাত্রপক্ষকে সঙ্গে নিয়ে এসেছিল রেজিষ্ট্রী অফিসে জমি রেজিষ্ট্রী করতে। পাত্র বাবাজীবন তার ভাবী স্ত্রীর জন্য একটি গহনার বায়না ধরলে পাত্রীপক্ষ রেজিষ্ট্রী অফিসেই তাকে ধরে মার দিয়ে দিল। পাত্রপক্ষও পালটা মার দিল পাত্রীপক্ষের তিনজনকে। ফলে জমি রেজিষ্ট্রী আর হল না। বিয়ের সম্বন্ধও ভেঙে গেল। মাঝখান থেকে পঞ্চাশ টাকা জরিমানা দিতে হল পাত্রীপক্ষকে। ঘটনাটি আজকের।

### অপহৃত বন্দুক উদ্ধার

সাগরদীঘি, ৪ মারচ—সাগরদীঘি পুলিশ সম্প্রতি লালগোলা থানার গয়েশপুর গ্রামের ইমাজুদ্দিন সেখের বাড়ী থেকে সাগরদীঘি থানার বালাগাছি গ্রামের মালেক সেখের বাড়ী থেকে ১৯৭৯ সালে অপহৃত দোনলা বন্দুক এবং ৮টি কারতুজ উদ্ধার ও আটক করেছে। ইমাজুদ্দিনকে পাওয়া যায়নি। বন্দুকটি কেটে লম্বায় ছোট করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

### কুখ্যাত ডাকাত গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ, ৪ মারচ—সম্প্রতি ঘুতা মাঝি নামে একজন কুখ্যাত ডাকাতকে স্থানীয় রেজিষ্ট্রী অফিস প্রাঙ্গণে ধরে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। তার বিরুদ্ধে ডাকাতি ছাড়াও লরি ছিনতাই, হত্যা ইত্যাদির অভিযোগ রয়েছে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### সংবাদপত্র ও এজেন্ট

স্থানীয় সংবাদপত্র ও এজেন্ট বিষয়ক চিঠি-পত্র আপনার পত্রিকায় আমার মত অনেক পত্রিকা পিপাসুর দৃষ্টি আকর্ষণ করেছে। এদের অনেকেই গঙ্গাধরবাবু ও তাঁর প্রতিনিধি সুধীর দাসের, বিমানবাবুর ভাষায় 'মুখঝামটা ও অনিয়মিত সরবরাহ' এবং আরও কিছু অদ্ভুত হুলের দংশনে ভুগছেন। এঁদের দৈনিক কাগজসহ অন্যান্য পত্রিকা নেওয়ার ব্যাপারে আমারও কিছু ব্যক্তিগত অভিজ্ঞতা হয়েছে। একসঙ্গে প্রায়ই তুদিনের কাগজ গছিয়ে দিয়ে চলে যাবার মানসিকতা, বিভ্রান্তি ছাড়া আর কি বা হতে পারে। কেমন করে এক গুচ্ছ 'পশ্চিমবঙ্গ' পত্রিকা টেবিলে রেখে দিয়ে কি যাদু দিয়ে পয়সা আদায় করতে হয় তা কিন্তু সুধীরবাবুর বেশ জানা। বিমান হাজরার মত 'পরিবর্তন' এর জন্মলগ্ন থেকেই আমি গ্রাহক ছিলাম নিয়মিত, কিন্তু ঠিক ঐ একই কারণে আমাকেও ঐ পত্রিকা নেওয়া বন্ধ করতে হয়। বিকল্প কোন এজেন্ট সমস্ত বাধা-বিপত্তির বেড়া ডিঙ্গিয়ে যদি আমাদের বন্ধ দরজায় টোকা মেরে রঘুনাথগঞ্জের মত সংবাদপত্র ও পত্রিকার এজেন্টের সাহারার বুকে এক ফোঁটা জল যুগিয়ে নিয়মিত পত্রিকা পিপাসা নিবারণের চেষ্টা করেন, তবে তা আশীর্ব্বাদ বলে মেনে নেব। —নুরুল হক, রঘুনাথগঞ্জ।

### মুসলীম লীগের সভা

সংবাদদাতাঃ ধুলিয়ান গরুহাটে অনুষ্ঠিত মুসলীম লীগের জনসভায় সংখ্যানুপাতে চাকরি, সংখ্যালঘু কমিশন গঠন, জবরদখলকৃত মসজিদ ঈদগাহ-কবরস্থান উদ্ধার, আরবী ও পার্শী ভাষাশিক্ষা বাধ্যতামূলক করার দাবিতে প্রস্তাব গৃহীত হয়।

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## Tender Notice

ABRIDGED LIST OF WORKS

Sealed tenders are invited in WBF. No. 2908 from Class-I Contractors of I & W. Deptt. and bonafide outside contractors for works on the Rt. Bank of river Ganga/Padma detailed below by the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad. Estimated cost, earnest money are :—

1. Supply of boulders at Dhulian reach Rs. 11,03, 840/-, Rs. 20,000/-

Details regarding time allowd, tender documents and other particulars may be had from above office upto 4-00 P. M. in any working days, Saturdays upto 1-00 P. M. Last date of application for purchasing tender form is 14. 3. 81 upto 1-00 P. M. Last date of receipt of tender is 16. 3. 81 upto 3-00 P. M.

Sd/- B. K. Das Gupta
Executive Engineer, Ganga Anti Erosion Division.
P. O. Raghunathganj,
Dist. Murshidabad.

## প্রতিযোগী প্রবঞ্চিত

সাগরদীঘি, ৪ মার্চ—সর্বভারতীয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য বাঙলা দলে সাগরদীঘি থানার সাহাপুর গ্রামের গোলাম মুরসেদ এবং আরো দু'জন ( একজন নদীয়ার ) নির্বাচিত হয়েছিল কর্ণাটক যাওয়ার জন্য। পূর্বনির্ধারিত তারিখ অনুযায়ী কর্ণাটক রওনার দিন ছিল ১৪ ফেব্রুয়ারী। সেইমত তারা কলকাতা গিয়ে দেখে তাদের বাদ দিয়েই বাঙলা দল তার আগের দিন অর্থাৎ ১৩ ফেব্রুয়ারী কর্ণাটক রওনা হয়ে গিয়েছে। অগত্যা ভগ্নচিত্তে তাদের ফিরে আসতে হয় কলকাতা থেকে। গ্রামের প্রাথমিক বলেই তাদের সঙ্গে এরূপ আচরণ করা হয়েছে বলে মনে করা হচ্ছে।

## খেলার খবর

২২ ফেব্রুয়ারী—কানুপুর গ্রাম পঞ্চায়েতের প্রাথমিক বিদ্যালয় সমূহের বার্ষিক দৌড়-ঝাঁপ প্রতিযোগিতা শ্রীকান্তবাটী উচ্চ বিদ্যালয়ের ময়দানে রঘুনাথগঞ্জ চক্রের অবর পরিদর্শকের পৌরোহিত্যে এবং ১নং ব্লক উন্নয়ন আধিকারিকের প্রধান আতিথ্যে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। অধিকাংশ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাই কোন না কোন বিষয়ে পুরস্কার লাভ করে। দলগতভাবে এই প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে কানুপুর প্রাথমিক বিদ্যালয় ও বাঘা প্রাথমিক বিদ্যালয়।

## ধুমপায়ীরা সাবধান

রঘুনাথগঞ্জ, ৪ মার্চ—শহরের সিনেমা হল গুলিতে এক শ্রেণীর দর্শক আইন লঙ্ঘন করে অবাধে ধুমপান করে থাকেন। সিনেমা হল কর্তৃপক্ষের গাফিলতিও এই ধরনের অপরাধের জন্য অনেকাংশে দায়ী। জঙ্গিপুরের সাব-ডিভিসনাল পুলিশ অফিসার এস জয়রমণ সম্প্রতি কয়েকটি অভিযান চালিয়ে সিনেমা হলে ধূমপানরত ৩৬ জন ধূমপায়ীকে গ্রেপ্তার করেছেন।

লালবাগ—বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস
**মেশার বাস সার্ভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজার্ভ দেওয়া হয় )

খাতাপত্র, পেন-কালির মেলা
*পণ্ডিত ষ্টেশনারস*
রঘুনাথগঞ্জ

*সবার প্রিয় চা—*
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## শিক্ষার সম্প্রসারণে বামফ্রন্ট সরকার

১৯৭৭ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত শিক্ষাক্ষেত্রে কি অর্জন করা গেছে—শিক্ষাক্ষেত্রে স্বাভাবিক পরিবেশ, সময়ে পরীক্ষার ফল প্রকাশ, শিক্ষক ও কর্মচারীদের নির্দিষ্ট সময়ে বেতন।

৩৪০০ বিদ্যালয়হীন গ্রামে প্রাথমিক বিদ্যালয়. ৪০০০ নূতন প্রাথমিক বিদ্যালয় গৃহ, ৩১ লক্ষ শিশুর জন্য বিদ্যালয়ে খাদ্য, সমস্ত শিশুর জন্য সব ভাষায় বিনামূল্যে বই, খাতা. শ্লেট, মেয়েদের জন্য পোষাক, প্রাথমিক বিদ্যালয়ে খেলাধুলা, ১৩,৮০০ নূতন প্রাথমিক শিক্ষক।

৯০০ নূতন মাধ্যমিক বিদ্যালয়, সকলের জন্য সরকারী অনুদান, ২৫০০ মাধ্যমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণ, মাধ্যমিক স্তরে বিনামূল্যে পাঠ্য বই, খেলাধুলা, বিজ্ঞানাগারের উন্নতি, ১০,০০০ নূতন মাধ্যমিক/প্রাথমিক স্তরে জীবনমুখী শিক্ষার পাঠক্রম. গণতান্ত্রিক প্রাথমিক শিক্ষা আইন, গণতান্ত্রিক মাধ্যমিক শিক্ষা আইন, গণতান্ত্রিক বিশ্ববিদ্যালয় আইন, গণতান্ত্রিক সাধারণ গ্রন্থাগার আইন, রাজ্য শিক্ষা গবেষণা ও শিক্ষণ পর্ষদ সংগঠন।

১৫৭৫টি নূতন গ্রামীণ গ্রন্থাগার যেখানে মোট গ্রন্থাগারের সংখ্যা ছিল ৭০১টি, গ্রন্থাগারগুলির জন্য সাহায্য ১০ গুণ বৃদ্ধি, বেসরকারী গ্রন্থাগারে সাহায্য, কোলকাতা নগর গ্রন্থাগার প্রতিষ্ঠা।

জেলা তথ্য ও সংস্কৃতি, মুর্শিদাবাদ

চর্মরোগ সারায়
ত্বক মসৃণ করে
**চন্দ্র-মালতী**
প্রস্তুতকারক—
**জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ**
রঘুনাথগঞ্জ ( পঃ বঃ ), পিন—৭৪২২২৫

পানে ও আপ্যায়নে
**চা ঘরের চা**
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

## জঙ্গিপুর মহকুমা সাহিত্য সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : পয়লা মারচ রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে জঙ্গিপুর মহকুমা সাহিত্য সভার প্রথম বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয় ১৪ জন উৎসাহী তরুণ ও সাহিত্যসেবী এই সম্মেলনের উদ্যোক্তা। মহকুমার বিভিন্ন প্রান্ত এবং বহরমপুর থেকে ৩৫ জন নামী-অনামী সাহিত্যিক ও সাহিত্য অনুরাগী সম্মেলনে যোগদান করেন। কলকাতা থেকে প্রকাশিত জাগরী পত্রিকার সম্পাদক অপূর্ব সাহা ও আরো দু'জন সাহিত্যিক স্বপন ভট্টাচার্য ও অজয় ভট্টাচার্য সম্মেলনে উপস্থিত ছিলেন। মহকুমায় একটি সাহিত্য পত্রিকার জন্ম ও তার নিয়মিত প্রকাশ, মহকুমায় স্বাধীনোত্তর কাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত সাহিত্য ও সংস্কৃতি চর্চার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত ব্যক্তিদের নামের পূর্ণাঙ্গ তালিকাসহ মহকুমার অতীত ও বর্তমান সাহিত্য চর্চার ইতিবৃত্ত সম্বলিত দলিলগ্রন্থ প্রকাশ মাসান্তে একবার ঘরোয়া সাহিত্য চক্রের আয়োজন এবং সাহিত্য প্রতিযোগিতার মাধ্যমে সুস্থ সাংস্কৃতিক পরিমণ্ডল গড়ে তোলার প্রস্তাব নিয়ে বক্তারা বিস্তারিত আলোচনা করেন।

### ফসল তছরূপ : সংঘর্ষ

সাগরদীঘি, ৪ মারচ—গবাদি পশু দিয়ে মাঠের ফসল খাওয়ানোকে কেন্দ্র করে গত সপ্তাহে এই থানার দোগাছি গ্রামে গোয়ালা এবং জাগালদার ও জমির মালিকদের সংঘর্ষে ২ জন জখম হয়েছেন। এ ব্যাপারে ১২ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে

## এ পক্ষের চাষবাস



### ১৬ই ফাল্গুন—৩০শে ফাল্গুন '৮৭

**ধান ঃ** বোরোধানের জমিতে সময়মত সেচ চাপান সার ও রোগ পোকার আক্রমণ দমনের জন্য ওষুধ দিন। চাপান সার ও ওষুধের পরিমাণ জানার জন্য আগের পক্ষের বিজ্ঞাপনটি দেখুন। উত্তরবঙ্গের তরাই অঞ্চলে এখন থেকে আউশ ধান বোনা শুরু করুন। এই অঞ্চলের উপযোগী ধানের জাতগুলি হল আই.ই.টি ১৪৪৪ ( রসি ), আই.ই.টি ২২৩৩, আই.ই.টি ৮২৬, পলমন ৫৭৯ এবং সি-আর ১২৬-৪২-১ ইত্যাদি। আউশের জমিতে শেষ চাষের আগে একরে ১০ কেজি ফসফেট ও ১০ কেজি পটাশ দিয়ে জমি তৈরী করুন।

**পাট ঃ** সারা পক্ষ ধরে নীচু জমিতে সোনালী ( জে. আর সি. ৩২১ ) জাতের তিতা পাট এবং কমবৃষ্টি এলাকার উঁচু জমিতে এ পক্ষের শেষ থেকে চৈতালী ( জে.আর.ও ৮৭৮ ) জাতের মিঠাপাট বোনা চলবে। মাটি পরীক্ষা না করিয়ে থাকলে জমি তৈরীর সময় তিতাপাটে একরে ৭½-১১¼ কেজি ফসফেট ও একই মাত্রায় পটাশ এবং মিঠাপাটে একরে ৫-৯ কেজি ফসফেট ও একই মাত্রায় পটাশ দিন। একরে বীজ লাগবে তিতাপাটে ২½-৩ কেজি ও মিঠাপাটে ১½-২ কেজি। তিতাপাটের বীজ ৩০ সে.মি এবং মিঠাপাটের বীজ ২০-২৫ সে.মি দূরত্বে সারিতে বুনুন।

**মুগ ঃ** এ পক্ষে মুগ বোনা শুরু করুন। দো-আঁশ ও বেলে দোআঁশ মাটিতে মুগ ভাল হয়। বি ১, বি-১০৫, টি-৪৪, টি-৫১ প্রভৃতি মুগের ভালো জাত। জমি তৈরীর সময় একরে ৪ কেজি নাইট্রোজেন ও ১৬ কেজি ফসফেট দিন। প্রতি কেজি বীজের সঙ্গে ৩-৪ গ্রাম থাইরাম ( যেমন থাইরাইড ) মিশিয়ে বীজ শোধন করে নিন।

**শাক-সবজি ঃ** এ পক্ষেও গ্রীষ্মকালীন শাক-সবজির চাষ করতে পারেন। আগে লাগানো ঢ্যাড়শ, করলা, ঝিঙে, মিষ্টি কুমড়ো, ফুটি ও শশার ক্ষেতে বীজ বা চারা লাগানোর ৩-৪ সপ্তাহ পরে প্রথমবার চাপান সার দিন। সারের পরিমাণের জন্য গত পক্ষের বিজ্ঞাপনটি দেখুন। বেগুনের চারা তৈরীর জন্য এখন বীজতলায় বীজ ফেলুন। বীজের পরিমাণ, জাত ইত্যাদির জন্য গতপক্ষের বিজ্ঞাপনটি দেখুন।

**মাটি পরীক্ষা ঃ** এখনই খালিজমি থেকে মাটির নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য আপনার কাছাকাছি কোন পরীক্ষাগারে পাঠান।

**ভারত-জার্মান সার প্রশিক্ষণ প্রকল্প**
১২বি, রাসেল স্ট্রীট, কলিকাতা-৭০০ ০৭১

Progressive/IGFEP-80/81

---

*আমিও একদিন… …*

দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর—এমনিভাবেই দাঁড়িয়ে ছিলাম।

এই থমকে দাঁড়িয়ে থাকার থেকে আজ আমি সদা কর্মব্যস্ত। জনপ্রিয় এই কর্মব্যস্ততা আমার মধ্যে এনে দিয়েছে। এই থমকে থাকা জীবন থেকে বেরিয়ে এসে আজ আমি এক সন্তানের পিতা এবং সুখী।

শুধু আমিই নই—আমার মতন আরো হাজার হাজার বেকারের মুখেও জনপ্রিয় আজ আশার আলো জাগিয়েছে।

**জনপ্রিয় ফিনানস এণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল ইনভেষ্টমেণ্ট ( ইণ্ডিয়া ) লিমিটেড**

হেড অফিস—চ্যাটার্জ্জী ইণ্টারন্যাশনাল সেণ্টার
( ৫ম তল )
৩৩এ জহরলাল নেহেরু রোড ( চৌরঙ্গী রোড ) কলি-৭০০০৭১

ভারতের সর্বত্র আমাদের ব্রাঞ্চ অফিস ও অর্গানাইজেশন অফিস আছে।

শাখা অফিস—ষ্টেশন রোড, বহরমপুর

*শীঘ্রই রঘুনাথগঞ্জে অর্গানাইজেশন অফিস খোলা হইতেছে।*

---

সকলের প্রিয় এবং বাজারের সেরা
*ভারত বেকারীর* শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

---

## আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর ?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। আমোজিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষত রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।

**বসন্ত মালতী**
রূপ প্রসাধনে অপরিহার্য

সি. কে. সেন এণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা
নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।